# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪০৩

পর্ব - ১৪ঃ বিচার-ফায়সালা (كتاب القضاء)

পরিচ্ছেদঃ ১. স্বাক্ষ্য প্রদান এবং গ্রহণ - ব্যক্তির প্রকাশ্য দিক বিবেচনায় সাক্ষ্য গ্রহণ

আরবী

وَعَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ ـ رضي الله عنه: أَنَّهُ خَطَبَ فَقَالَ: إِنَّ أُنَاسًا كَانُوا يُؤْخَذُونَ بِالْوَحْيِ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَإِنَّ الْوَحْيَ قَدِ انْقَطَعَ, وَإِنَّمَا نَأْخُذُكُمْ الْآنَ بِمَا ظَهَرَ لَنَا مِنْ أَعْمَالِكُمْ. رَوَاهُ الْبُخَارِيُّ

صحيح. رواه البخاري (2641)، وزاد: فمن أظهر لنا خيرا أمناه وقربناه، وليس إلينا من سريرته شيء؛ الله يحاسب سريرته. ومن أظهر لنا سوءا لم نأمنه ولم نصدقه، وإن قال: إن سريرته حسنة

বাংলা

১৪০৩। ’উমার ইবনু খাত্তাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সময়ে কিছু ব্যক্তিকে ওয়াহীর ভিত্তিতে পাকড়াও করা হত। এখন যেহেতু ওয়াহী বন্ধ হয়ে গেছে, সেহেতু এখন আমাদের সামনে তোমাদের যে ধরনের ’আমল প্রকাশ পাবে, সেগুলোর ভিত্তিতেই তোমাদের বিচার করব।[1]

## English

Narrated 'Umar bin al-Khattab (RA):
He addressed the people and said, "People were sometimes judged by the revealing of a Divine Revelation during the lifetime of Allah's Messenger (ﷺ), but now the Divine Revelation has been discontinued [i.e. there is no longer any new revelation coming]. Now we judge you by the deeds you practice publicly." [Reported by al-Bukhari].

## ফুটনোট

[1] বুখারীর বর্ণনায় আরো রয়েছে-

فمن أظهر لنا خيرا أمناه وقربناه، وليس إلينا من سريرته شيء؛ الله يحاسب سريرته. ومن أظهر لنا سوءا لم نأمنه ولم نصدقه، وإن قال: إن سريرته حسنة

যে ব্যক্তি আমাদের সামনে ভালো প্রকাশ করবে তাকে আমরা নিরাপত্তা দান করব এবং নিকটে আনবো, তার অন্তরের বিষয়ে আমাদের কিছু করণীয় নেই। আল্লাহই তার অন্তরের বিষয়ে হিসাব নিবেন। আর যে ব্যক্তি আমাদের সামনে মন্দ ‘আমল প্রকাশ করবে, তার প্রতি আমরা তাদের নিরাপত্তা প্রদান করব না এবং সত্যবাদী বলে জানব না; যদিও সে বলে যে, তার অন্তর ভালো। বুখারী ২৬৪১, নাসায়ী ৪৭৭৭, আবূ দাউদ ৪৫৩৭, আহমাদ ২৮৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71214

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন